

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩০২৯  
শান্তিরবাজার, ১৯ সেপ্টেম্বর, ২০২৩

## ২২ সেপ্টেম্বর বাইখোড়া ভিলেজে প্রশাসনিক শিবির

বকাফা ব্লকের বাইখোড়া এডিসি ভিলেজের কন্যারানী জেবি স্কুলে আগামী ২২ সেপ্টেম্বর একদিনের প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে শান্তিরবাজার মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পিআরটিসি, আধার কার্ড, এসটি কার্ড, ম্যারেজ কার্ড, ইনকাম সার্টিফিকেট ইত্যাদি পাওয়ার জন্য আবেদনপত্র জমা নেওয়া হবে। স্বাস্থ্য শিবিরে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হবে। এছাড়া সংশ্লিষ্ট এলাকার অভাব, অভিযোগ ও সমস্যা নিয়ে আলোচনা করা হবে। গবাদি প্রাণীর টিকাকরণ করা হবে এবং বিনামূল্যে ঔষধ দেওয়া হবে। এই প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য সংশ্লিষ্ট এলাকার জনগণের প্রতি অনুরোধ জানিয়েছেন।

\*\*\*\*\*